গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রাঙ্গুনিয়া, চট্টগ্রাম
www.rangunia.chittagong.gov.bd

চট্টগ্রাম জেলার রাঙ্গুনিয়া উপজেলার জুন-২০২৩ মাসে অনুষ্ঠিত উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ জনাব আতাউল গনি ওসমানী, উপজেলা নির্বাহী অফিসার, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
সভার তারিখ ও সময় ঃ ২২/০৬/২০২৩ খ্রি., বেলা ১১.০০ টা।
সভার স্থান ঃ উপজেলা সম্মেলন কক্ষ, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
সভায় অংশগ্রহণকারী সদস্যবৃন্দের উপস্থিতির তালিকা (পরিশিষ্ট- ক) দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয় এবং প্রশাসনিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনে সার্বিক সহযোগিতার জন্য সকলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে উপস্থিত সকলকে ধন্যবাদ জানানো হয়। অতঃপর নিম্নরূপ উপজেলার আইন-শৃঙ্খলা বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচনার বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | **বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন সংক্রান্ত ঃ** বিগত মে-২০২৩ মাসের সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং উপস্থিত সকলের মতামত গ্রহণ করা হয়। কার্যবিবরণী পাঠান্তে কোনো সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতক্রমে অনু- মোদিত ও গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল বিভাগীয় কর্মকর্তা, রাঙ্গুনিয়া। |
| ২ | আসন্ন পবিত্র ঈদুল আযহা-২০২৩ কোরবানীর বর্জ্য অপসারণ ও পরিস্কার পরিচ্ছন্নতা, কোরবানীর বাজারে জালনোট সনাক্তকরণ ও ভেটেরিনারী টিম গঠন সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত ঃ সভাপতি আসন্ন পবিত্র ঈদুল আযহা-২০২৩ কোরবানীর বাজারে ভেটেরিনারী টিম গঠন, কোরবানীর পশুর বর্জ্য অপসারণসহ পরিস্কার পরিচ্ছন্নতা বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। বিস্তারিত আলোচনায় কোরবানীর বাজারে ভেটেরিনারী টিম গঠন পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ পশু চামড়া যাতে নষ্ট না হয় এবং উপজেলার পৌরসভাসহ স্ব-স্ব ইউনিয়নে কোরবানীর পশু যাতে যথাযথ স্থানে জবাই করে সুনির্দিষ্ট স্থানে বর্জ্য অপসারণ করা হয় এবং কোরবানীর বাজারে যাতে জালটাকার নোট ব্যবহার না হয় সে বিষয়ে সতর্ক দৃষ্টি রেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, রাঙ্গুনিয়া মডেল থানাসহ পৌর মেয়র এবং সকল ইউ,পি চেয়ারম্যানগণকে আহ্বান জানালে উপস্থিত সকলেই একমত পোষণ করেন। | আসন্ন পবিত্র ঈদুল আযহা-২০২৩ কোরবানীর বাজারে ভেটেরিনারী টিম গঠন পূর্বক প্রয়োজনীয় ব্যস্থাগ্রহণ, বর্জ্য সমূহ যথাযথ স্থানে অপসারণ, জাল টাকার নোট সনাক্তকরণসহ কোরবানীর পুশুর চামড়া যাতে নষ্ট না হয় সে বিষয়ে স্ব-স্ব অধিক্ষেত্র এলাকায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ৩ | উপজেলায় বেওয়ারিশ কুকুর সংক্রান্ত ঃ সভাপতি উপজেলার বে-ওয়ারিশ কুকুরের সংখ্যা বৃদ্ধির বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। বিস্তারিত আলোচনায় বে-ওয়ারিশ কুকুর দ্বারা জনসাধারণ যাতে ক্ষতিগ্রস্ত না হয় সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তসসহ পৌর মেয়র ও সকল ইউ,পি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। | উপজেলায় বে-ওয়ারিশ কুকুর দ্বারা জনসাধারণ যাতে ক্ষতিগ্রস্ত না হয় সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তসসহ পৌর মেয়র ও সকল ইউ,পি চেয়ার- ম্যানগণকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, পৌর মেয়র ও সকল ইউ,পি চেয়ারম্যানগণ। |
| ৪ | উপজেলা আইন- শৃঙ্খলা বিষয়ক আলোচনা ও সিদ্ধান্ত ঃ সভাপতি উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনায় আসন্ন পবিত্র ঈদুল আযহা-২০২৩ উপলক্ষে উপজেলার যাতে আইন-শৃঙ্খলা পরিস্থিতি বিঘ্নিত না হয় এবং উপজেলায় মানুষ যাতে নির্বিঘ্নে ঈদ উৎসব পালন করতে পারে সমগ্র উপজেলায় নিরাপত্তা বিধানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, রাঙ্গুনিয়া মডেল থানা/দঃ রাঙ্গুনিয়া থানাসহ সংশ্লিষ্ট সকলকে আহ্বান জানানো হয় এবং উপস্থিত সকলেই একমত পোষণ করেন। অফিসার ইনচার্জ(তদন্ত) জানান, উপজেলায় আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে এবং যাতে ঈদের সময়ে যাতে আনাকাঙ্খিত কোন ঘটনা না ঘটে সেদিকে সতর্ক নজর রাখা হয়েছে মর্মে সভাকে অবহিত করেন এবং স্ব-স্ব অধিক্ষেত্রে/এলাকায় সার্বক্ষণিক সতর্ক নজর রেখে | আইন-শৃঙ্খলা পরিস্থিতি উন্নয়নে পুলিশী টহল জোরদার করণ, স্ব-স্ব এলাকায় অপরাধের সহিত জড়িতদের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণ এবং ওয়ারেন্টভুক্ত আসামী -দের গ্রেফতারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় এবং পুলিশ বিভাগকে প্রয়োজনীয় সার্বিক সহযোগিতা করার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করা হয়। | অফিসার ইনচার্জ, রাঙ্গুনিয়া মডেল থানা ও দক্ষিন রাঙ্গুনিয়া থানা ও সংশ্লিষ্ট সকল। |

চলমান পাতা-২

CamScanner

আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে প্রয়োজনীয় সহযোগিতা করার আহ্বান জানিয়ে সন্ত্রাসী কার্যক্রম বন্ধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণসহ জুন, ২০২৩ মাসের উপজেলা অপরাধ চিত্র নিম্ন প্রদত্তরূপে পেশ করা হয়।

| ক্রঃনং | বিবরণ/অপরাধ চিত্র | রাঙ্গুনিয়া মডেল থানা | দঃ রাঙ্গুনিয়া থানা | মোট |
|---|---|---|---|---|
| ১ | ধর্ষণ | ১ | - | ১ |
| ২ | মাদক | ৪ | ৩ | ৭ |
| ৩ | নারী ও শিশু নির্যাতন | - | ১ | ১ |
| | চুরি | ২ | - | ২ |
| ৪ | ডিজিটাল মামলা | ১ | - | ১ |
| ৫ | অন্যান্য | ৯ | ৫ | ১৪ |
| | | ১৭ | ৯ | ২৬ |

অপরাধ চিত্র বিস্তারিত পর্যালোচনায় পূর্বের তুলনায় অপরাধ কমছে এবং আইন-শৃঙ্খলা পরিস্থিতি উন্নয়নসহ চুরি/সন্ত্রাসী কার্যক্রম বন্ধে পুলিশ বিভাগকে সার্বিক সহযোগিতা করার জন্য উপস্থিত সকলেই একমত পোষণ করেন এবং অপরাধীদের আইনের আওতায় আনার লক্ষ্যে পুলিশ বিভাগকে প্রয়োজনীয় সার্বিক সহযোগিতা করার জন্য জনপ্রতি -নিধিদের আহ্বান জানানো হয়।

৫ **যানজট নিরসন সংক্রান্ত ঃ**

উপজেলায় যানজট বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত জানানো হয়, আসন্ন পবিত্র ঈদুল আযহা-২০২৩ চন্দ্রঘোনা, রানীরহাট, মরিয়মনগর, গোডাউন স্থানে যানজট সৃষ্টি হতে পারে। বিস্তারিত আলোচনায় যানজট নিরসনের লক্ষ্যে পুলিশের পাশাপাশি স্ব-স্ব এলাকায় সেচ্ছাসেবকদল গঠন পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, রাঙ্গুনিয়া মডেল থানাসহ সংশ্লিষ্ট ইউ,পি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয় এরবং উপস্থিত সকলেই একমত পোষণ করেন। অতিরিক্ত সিএনজি চালকেরা যাত্রীদের নিকট থেকে অতিরিক্ত ভাড়া আদায় কার্যক্রমে জড়িতদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য উপস্থিত সকলেই একমত পোষণ করেন এবং উপস্থিত সকলেই একমত পোষণ করেন।

সিদ্ধান্ত: যানজট নিরসনসহ লাইসেন্স বিহীন গাড়ী চালক ও অতিরিক্ত ভাড়া আদায়কারীদের বিরুদ্ধে আইনানুগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়ন: অফিসার ইনচার্জ, রাঙ্গুনিয়া মডেল থানা ও দক্ষিণ রাঙ্গুনিয়া থানা ও সংশ্লিষ্ট সকল।

৬ **মাদক নিয়ন্ত্রণ/রোধ সংক্রান্ত ঃ**

মাদক ব্যবহার ও নিয়ন্ত্রণ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। রাঙ্গুনিয়া মডেল থানার অপরাধ চিত্র বিস্তারিত আলোচনায় মাদকের মামলা পূর্বের তুলনায় কমে আসছে মর্মে অফিসার ইনচার্জ, রাঙ্গুনিয়া মডেল থানাসহ উপস্থিত সকলেই একমত পোষণ করেন। সভাপতি বিস্তারিত আলোচনায় মাদক ব্যবসায়ী এবং মাদক ব্যবহারকারীদের চিহ্নিত করে পুলিশ বিভাগ ও প্রশাসনকে তাৎক্ষণিক ভাবে সংবাদ দেয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে আহ্বান জানানো হয়।

সিদ্ধান্ত: উপজেলার মাদক/ইয়াবা ব্যবহার নিয়ন্ত্রণকরণ, মাদক ব্যবসায়ীদের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়ন: উপজেলা প্রশাসন/ পুলিশ বিভাগ সংশ্লিষ্ট ও সকল।

৭ **ইভটিজিং কার্যক্রম বন্ধ/বাল্য বিবাহ রোধ সংক্রান্ত ঃ**

ইভটিজিং/বাল্য বিবাহ রোধ সংক্রান্ত বিষয়ে সভাপতি বিস্তারিত আলোচনা করেন। বিস্তারিত আলোচনায় সভাপতি জানান, চলতি মাসে বাল্য বিবাহে কার্যক্রমে জড়িত ১ জনকে অর্থদন্ড দ্বারা শাস্তি প্রদান করা হয়। ইভটিজিং ও বাল্য বিবাহ কার্যক্রম রোধে সর্বদা সতর্ক নজর রেখে এ প্রশাসনকে প্রয়োজনীয় সার্বিক সহযোগিতা করার আহ্বান জানিয়ে স্ব-স্ব এলাকায় বাল্য বিবাহ কার্যক্রম রোধে সামাজিক সচেতনতার বৃদ্ধির কার্যক্রম চালানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পৌর মেয়র/ইউ,পি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয় এবং উপস্থিত সকলেই একমত পোষণ করেন।

সিদ্ধান্ত: উপজেলার ইভটিজিং ও বাল্য বিবাহ কার্যক্রম রোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণসহ জড়িতদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়ন: উপজেলা প্রশাসন /পুলিশ বিভাগ ও সংশ্লিষ্ট সকল।

চলমান পাতা-৩

CamScanner

| ক্রঃ নং | আলোচনার বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৮ | **অবৈধ ভাবে পাহাড় কর্তন/কৃষি জমিতে ঘর নির্মাণ কার্যক্রম বন্ধ/বিদ্যুৎ সংযোগ বন্ধ রাখা বিষয়ক আলোচনা ও সিদ্ধান্ত ঃ** সভায় অবৈধ ভাবে পাহাড় কাটা/কৃষি জমিতে ঘর নির্মাণ কার্যক্রম বন্ধ করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনায় পাহাড় কাটা/কৃষি জমিতে ঘর নির্মাণ কার্যক্রম বন্ধ রাখার পূর্বের গৃহীত সিদ্ধান্ত বহাল রাখার উপস্থিত সকলেই একমত পোষণ করেন। | অবৈধ ভাবে পাহাড় কর্তন বন্ধ করণ/কৃষি জমিতে ঘর নির্মাণ কার্যক্রম বন্ধ রাখার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রশাসন ও সংশ্লিষ্ট সকল। |
| ৯ | **উপজেলায় রোহিঙ্গা অবস্থান বিষয়ক আলোচনা ও সিদ্ধান্ত ঃ** উপজেলায় রোহিঙ্গা অবস্থান বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনায় উপজেলায় রোহিঙ্গা অবস্থান এবং ভোটার না করার বিষয়ে সর্তক নজর রেখে উপজেলায় রোহিঙ্গা অবস্থান সম্পর্কে কোন সংবাদ পাওয়া গেলে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয় এবং উপস্থিত সকলেই একমত পোষণ করেন। | উপজেলায় রোহিঙ্গা অবস্থান করার বিষয়ে তথ্য পাওয়া গেলে তাৎক্ষণিক ভাবে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রশাসন/ইউ,পি চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকল। |
| ১০ | ভ্রাম্যমান আদালত পরিচালনা সংক্রান্ত ঃ সভাপতি জানান, বে-আইনি কার্যক্রমে জড়িতদের বিরুদ্ধে ভ্রাম্যমান আদালত পরিচালনা কার্যক্রম অব্যাহত আছে। বিস্তারিত আলোচনায় বে-আইনি কার্যক্রমে জড়িতদের বিরুদ্ধে ভ্রাম্যমান আদালত পরিচালনার কার্যক্রম অব্যাহত রাখার উপস্থিত সকলেই একমত পোষণ করেন। | ভ্রাম্যমান আদালত কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখাসহ বে-আইনি কার্যক্রমে জড়িতদের বিরুদ্ধে আই-নানুগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রশাসন, সহকারী কমিশনার (ভূমি) ও অফিসার ইনচার্জ, সংশ্লিষ্ট |
| ১১ | নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ ও বকেয়া বিদ্যু বিল আদায় সংক্রান্ত ঃ সভাপতি উপজেলার নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহে বিস্তারিত আলোচনা করেন। বিস্তারিত আলোচনায় জিএম, চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-২ জোনাল অফিস রাঙ্গুনিয়া জানান, নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহে কার্যক্রম অব্যাহত আসে। তিনি বকেয়া বিদ্যু বিল আদায়ে প্রশাসন কর্তৃপক্ষসহ সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করলে বিদ্যুৎ বকেয়া রাখা জড়িতদের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য উপস্থিত সকলেই একমত পোষণ করেন এবং আইনানুগ ব্যবস্থা গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ এবং বিদ্যুৎ বকেয়া রাখা জড়িতদের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | বিদ্যুৎ কর্তৃপক্ষ ও সংশ্লিষ্ট সকল। |

উপজেলার আইন-শৃঙ্খলার বিষয়ে বিস্তারিত আলোচনায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম জানান, রাঙ্গুনিয়াবাসীর উন্নয়নে বে-আইনি কাজে জড়িতদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের কার্যক্রমে প্রশাসনকে সার্বক্ষণিক প্রয়োজনীয় সহযোগিতা করার জনপ্রতি নিধিসহ সংশ্লিষ্ট সকলকে আহ্বান জানান।

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি উন্নয়নে সকলের সার্বিক সহযোগিতা কামনা করে সভাপতি সভা সমাপ্তি ঘোষণা করেন।

আতাউল গনি ওসমানী
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
ফোন নং-০২৩৩৪৪৫৯৬৬৯
ই-মেইল: unoranguniа@mopa.gov.bd

স্মারক নং: ০৫.৪২.১৫০০.৫১০.১৮.০৭৮.২০২৩-৫৪৩

তারিখ: ০৮ আষাঢ়, ১৪৩০ ব. / ২২ জুন, ২০২৩ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

১। ড. হাছান মাহমুদ, এম.পি ও মাননীয় মন্ত্রী, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় ও মুখ্য উপদেষ্টা, উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি।
২। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, চট্টগ্রাম।
৩। পুলিশ সুপার, চট্টগ্রাম।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।

(১–৪: সদয় অবগতির জন্য।)

৫। মেয়র, রাঙ্গুনিয়া পৌরসভা, চট্টগ্রাম।
৬। উপজেলা ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
৭। উপজেলা /অফিসার ইনচার্জ,...........................................................কর্মকর্তা (সকল)/থানা, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
৮। চেয়ারম্যান, ............................... ইউনিয়ন পরিষদ (সকল), রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
৯। উপজেলা কমান্ডার/সদস্য/জনাব .......................................................................................রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
১০। সভাপতি/সম্পাদক, রাঙ্গুনিয়া প্রেস ক্লাব, চট্টগ্রাম।
১১। অফিস নথি।

CS CamScanner